



সূত্র: ৩৬.০১.০০০০.১১৬.১৮.০৭৯.১৯.২৩২

তারিখ: ০৪-০৮-২০২২খ্রি।

সংস্থানীয় কারখানা/প্রতিষ্ঠানসমূহের কাজের গতিশীলতা, জনবলের সুযম বন্টন, স্ব-স্ব পদে অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ও প্রশাসনিক কারণে সংস্থার স্বার্থে বিভিন্ন সময়ে কর্মচারী/কর্মকর্তাদের বদলি করা হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় গত ০৩-০৭-২০২২ তারিখের ৩৬.০১.০০০০.১১৭.১৩.বাফার.২০২২ সংখ্যক দপ্তরাদেশের মাধ্যমে ১৭(সতের) জন কর্মকর্তাকে কারখানা হতে বাফার গুদাম এবং বাফার গুদামের কারিগরি ক্যাডারভুক্ত কর্মকর্তাদেরকে বিভিন্ন কারখানায় বদলির আদেশ জারি করা হয় এবং আদেশ জারির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে যোগদানের নির্দেশ দেওয়া হয় কিন্তু অদ্যাবধি বেশিরভাগ কর্মকর্তাকে বদলিকৃত কর্মস্থল হতে অবমুক্ত করা হয়নি। এ ছাড়া সম্প্রতি জারীকৃত বিভিন্ন বদলির আদেশ প্রতিপালনে কোথাও কোথাও শৈথিল্য লক্ষ্য করা যাচ্ছে। এ ধরনের কর্মকর্তা বিসিআইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৮ অনুযায়ী অসদাচরণের সামিল। সার্বিক বিষয় নিয়ে সংস্থার ৯১তম সমন্বয় সভায় আলোচনা হয় এবং সংস্থার চেয়ারম্যান মহোদয় বদলির আদেশ অবিলম্বে কার্যকর করার নির্দেশ প্রদান করেন।

এমতাবস্থায়, কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত সকল বদলির আদেশ মোতাবেক সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের অবিলম্বে বর্তমান কর্মস্থল থেকে অবমুক্তকরণ এবং তাদেরকে বদলিকৃত কর্মস্থলে যোগদান করার জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরি বিবেচ্য।

০৭.০৪.২২

(মোহাম্মদ জাকির হোসেন)

চিফ অব পার্সোনেল

ফোন: ০২-২২৩৩৮১৮০৯

ই-মেইল: cop@bcic.gov.bd

প্রাপক:

- ১। ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক/প্রকল্প পরিচালক (সকল)।
- ২। বিভাগীয় প্রধান (সকল), বিসিআইসি।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ১। পরিচালক (সকল), বিসিআইসি।
- ২। উর্ধ্বতন মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিআইসি।
- ৩। মহাব্যবস্থাপক, আইসিটি, বিসিআইসি-ওয়েবসাইটের নোটিশ বোর্ডে আপলোডের অনুরোধসহ।
- ৪। সকল বিভাগ/উপ-বিভাগীয় প্রধান, বিসিআইসি।
- ৫। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), চেয়ারম্যান সচিবালয়, বিসিআইসি।
- ৬। দপ্তর নথি।
- ৭। মহানথি।

P/S. upload
m.r.
8/8/22

পত্র নং ২২২ তারিখ ০৪/০৮/২২

আই সি টি বিভাগে প্রাপ্তির তারিখ.....

শাখায় প্রাপ্তির তারিখ.....

নিষ্পত্তির তারিখ.....